

এসএসসি পরীক্ষা

গফরগাঁওয়ে ৮ পরীক্ষার্থী বহিষ্কার, ৩ শিক্ষককে অব্যাহতি

গফরগাঁও
(ময়মনসিংহ)
প্রতিনিধি

০৬ মে, ২০২৫
১৭:০৩

শেয়ার

অ +

অ -



প্রতীকী ছবি

ময়মনসিংহের গফরগাঁওয়ে চলমান এসএসসি, দাখিল ও ভোকেশনাল পরীক্ষায় অসদুপায় অবলম্বনের অভিযোগে ৮ শিক্ষার্থীকে বহিষ্কার এবং দায়িত্বে অবহেলায় ৩ শিক্ষককে অব্যাহতি দেওয়া হয়েছে।

মঙ্গলবার (৬ মে) উপজেলার বিভিন্ন কেন্দ্র পরিদর্শন শেষে শান্তির বিষয়টি নিশ্চিত করেছেন উপজেলার নির্বাহী কর্মকর্তা এন এম আব্দুল্লাহ আল মামুন।

জানা যায়, মঙ্গলবার পরীক্ষা চলাকালে উপজেলার নির্বাহী কর্মকর্তা মহিলা কলেজ কেন্দ্র পরিদর্শনে গিয়ে অবাধে অসদুপায় অবলম্বন করতে দেখে ৮ পরীক্ষার্থীকে বহিষ্কার করেন। এ ছাড়া মোবাইল ফোন সঙ্গে রাখায় জে এম কামিল মাদরাসা কেন্দ্রের দুই শিক্ষককে দায়িত্ব থেকে অব্যাহতি দেন।

সেই সঙ্গে ইসলামিয়া সরকারি হাই স্কুল কেন্দ্রের আরেক শিক্ষককে মোবাইল ফোন সঙ্গে রাখা ও নিজের মেয়ে পরীক্ষার্থী হওয়া সত্ত্বেও দায়িত্ব পালন করায় অব্যাহতি দেওয়া হয়।

নির্বাহী কর্মকর্তা এন এম আব্দুল্লাহ আল মামুন বলেন, চলমান পরীক্ষায় নকলের ব্যাপারে প্রশাসন জিরো টলারেন্স নীতি অনুসরণ করছে। কেন্দ্রে অসদুপায় অবলম্বন করায় ৮ পরীক্ষার্থীকে বহিষ্কার ও ৩ শিক্ষককে দায়িত্ব থেকে অব্যাহতি দেওয়া হয়েছে। এ ছাড়া অভিযুক্ত শিক্ষকদের বিরুদ্ধে নীতিমালা অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে।

